যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ৭৬ কলাম ৭....

SEP. 15 200?

# ছাত্রদলের সাংগঠনিক সফর ১৭ সেপ্টেম্বর শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আগামী ডিসেম্বরের মধ্যে জাতীয়তাবাদী ছাত্রদলকে তৃণমূল পর্যায়ে সংগঠিত করা হচ্ছে। এ লক্ষ্যে আহ্বায়ক কমিটি আগামী ১৭ সেপ্টেম্বর থেকে বিভাগে বিভাগে সাংগঠনিক সফর শুরু করবে। গতকাল

ছাত্রদল : পৃষ্ঠা : ২ কলাম : ৬

## ছাত্রদল : সফর শুরু

(শেষ পৃষ্ঠার পর)

আহ্বায়ক কমিটির প্রথম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ছাত্রদলের আহ্বায়ক সাহাবুদ্দিন লাল্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিএনপির এক নম্বর যুগ্ম মহাসচিব তারেক রহমান প্রধান অতিথি এবং স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। সভায় আহ্বায়ক কমিটির সদস্যদের নিয়ে ৬টি বিভাগের জন্য ৬টি কমিটি গঠন করা হয়। প্রত্যেক কমিটিতে সংগঠনের কমপক্ষে একজন করে সাবেক
নেতা রয়েছেন। কমিটিগুলোর মধ্যে ঢাকা
বিভাগের নেতৃত্বে থাকবেন আহ্বায়ক
সাহাবুদ্দিন লাল্টু। সদস্য শহিদুল ইসলাম
বাবুল, এসএম জিলানী, সাবেব
ছাত্রনেতাদের মধ্যে শহিদউদ্দিন চৌধুরী
এ্যানী এমপি ও আবুল খায়ের ভূইয়
এমপি। খুলনা বিভাগে এবিএ
মোশাররফের নেতৃত্বে রয়েছেন জয়
কুমার কুণ্ডু, সাইফুল ইসলাম ফিরোজ
আসাদুজ্জামান মুরাদ এবং সাবে
ছাত্রনেতা রিজভী আহমেদ। চট্টগ্র
বিভাগে মনির হোসেনের নেতৃত্বে রয়েছে
রেহেনা আক্তার বানু, হারুনুর রশিদ হারু
মোক্তার আহমদ এবং সাবেক ছাত্রনে
ইলিয়াস আলী এমপি। রাজশাহী বিভ
আজিজুল বারী হেলালের নেতৃত্বে কমিটি
রয়েছেন ফরহাদ হোসেন আযাদ, খন্দ
মিজানুর রহমান এবং সাবেক ডা
জিএস খায়রুল কবির খোকন। সি
বিভাগের প্রতিনিধি দলের নেতৃত্বে থাক
আবদুল বারী ড্যানি। সদস্যরা হবে
শামসুজ্জামান মেহেদী, শাম্মী আক্তার
সাবেক ছাত্রনেতা হাবিব-উব
সোহেল। বরিশাল বিভাগে সু
সালাউদ্দিন টুকুর নেতৃত্বে রয়েছেন
ইসলাম নয়ন, হায়দার আলী লেলিন,
হাসান এবং সাবেক ছাত্রনেতা ফজলু
মিলন এমপি।

টিমগুলো ২৭ সেপ্টেম্বরের
বিভাগগুলো তৃণমূল পর্যায়ে খোঁ
নিয়ে মূল্যায়ন রিপোর্ট পেশ
বিএনপির কেন্দ্রীয় কমিটির কাছে।
সভায় শেরেবাংলা কৃষি বিশ্ববি
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববি
দিনাজপুর হাজী দানেশ কৃষি বিশ্ববি
গাজীপুর বিআইটি এবং সিলেট ম
শাখাকে জেলা সংগঠনের মর্যাদায়
করা হয়েছে।